ইত্তেফাক

তারিখ ... 12/7/80
পৃষ্ঠা ... ... কলাম ... ...



# কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষায় পাসের হার ৫৬.১৪

12/7/80

কুমিল্লা, ১১ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)—গত মার্চ-এপ্রিল মাসে অনুষ্ঠিত কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এস এস সি পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। পাসের হার শতকরা ৫৬ দশমিক ১৪। চট্টগ্রামের বাকলিয়া সরকারী উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ছাত্র কাজী নাছির উদ্দিন আহমদ

( ৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

( ১ম পৃঃ পর )

(২৫৫৮০) ৬টি বিষয়ে লেটার ও ষ্টার মার্কি পাইয়া সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে।

এই পরীক্ষায় মোট ৫৩ হাজার ১২৬ জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করে, তন্মধ্যে ১ হাজার ৯৪৫ জন প্রথম, ১০ হাজার ৯৫৮ জন দ্বিতীয় এবং ১৬ হাজার ৯২৪ জন তৃতীয় বিভাগে পাস করিয়াছে। সর্বমোট উত্তীর্ণ ছাত্র সংখ্যা ২৯ হাজার ৮২৭।

শাখাওয়ারী পাসের হার: বিজ্ঞান ৮০ দশমিক ০৬, বাণিজ্য ৫৪ দশমিক ৫০ এবং মানবিক-৪৩ দশমিক ৯৯।

কুমিল্লার আওয়ার লেডী অব ফাতিমা গার্লস হাইস্কুলের বিজ্ঞান বিভাগের ছাত্রী সুমনা সফিনাজ (ম-২৯৪৯৩) ৫টি বিষয়ে লেটার ও ষ্টারমার্কসহ মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকার করিয়াছে।

বিভাগ ওয়ারী শীর্ষস্থান দখলকারীদের নাম নিম্নে দেওয়া হইল: বিজ্ঞান কাজী নাছির উদ্দিন আহমদ (২৫৫৮০), বাকলিয়া সরকারী উচ্চ বিদ্যালয়। বাণিজ্য-মোহাম্মদ কবীর উদ্দিন (৩৩৪২১), রাম সুন্দর বহুমুখী উচ্চ বিদ্যালয়। মানবিক-মোহাম্মদ মনিরুল ইসলাম (১৯৯০৭), শ্রীকাইল কৃষ্ণ কুমার উচ্চ বিদ্যালয়। কৃষি সুপর্ণা বড়ুয়া (ম-৫৩০২০), রাঙ্গুনিয়া আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়। গার্হস্থ্য অর্থনীতি আমেনা শাহীন (ম-৫৩৪৩২), ডাঃ খাস্তগীর সরকারী বালিকা বিদ্যালয়।

## কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষা

২২ জন ছাত্র সম্মিলিত মেধা তালিকার ২০টি স্থান দখল করিয়াছে এবং তাহারা সকলে ষ্টার মার্ক পাইয়াছে। মেধা তালিকা নিম্নে দেওয়া হইল: ১ম-কাজী নাছির উদ্দিন আহমদ (২৫৫৮০), বিজ্ঞান-বাকলিয়া সরকারী উচ্চ বিদ্যালয়। ২য়-মোহাম্মদ শাহে এমরান (২৯২৯৬), বিজ্ঞান (৬ বিষয় লেটার), কুমিল্লা জেলা স্কুল। ৩য়-সালেহ আহমদ (৫২৮৩৩), শিল্পকলা (৬ বিষয় লেটার), কুমিল্লা জেলা স্কুল। ৪র্থ-মোহাম্মদ খুরশিদ আনোয়ার (৫৩৩৭০), শিল্পকলা (৬ বিষয় লেটার), চট্টগ্রাম কলেজিয়েট স্কুল। ৫ম মোহাম্মদ আবদুল মুকিত (২২১০৫), বিজ্ঞান (৫ বিষয় লেটার), শ্রীমঙ্গল ভিক্টোরিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়। ৬ষ্ঠ-মোঃ মওলুদুল ইসলাম (২২৪৩৮), বিজ্ঞান (৬ বিষয় লেটার), মৌলভী বাজার সরকারী উচ্চ বিদ্যালয়। ৭ম-ইকরাম উদ্দিন আহমদ (২৫০৪৮), বিজ্ঞান (৫ বিষয় লেটার), চট্টগ্রাম বিশ্ব বিদ্যালয় স্কুল। ৮ম-মোঃ আবদুল হাফিজ (২২৮০) বিজ্ঞান (৫ বিষয় লেটার) সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট। ৯ম-মোঃ সিরাজুল ইসলাম (৩১১২২), বিজ্ঞান (৬ বিষয় লেটার), সরাইল অন্নদা উচ্চ বিদ্যালয়। ১০ম-মোঃ নাছির উদ্দিন (৩১৬২৭), বিজ্ঞান (৬ বিষয় লেটার), বাঞ্ছারামপুর এস, এম, পাইলট উচ্চ বিদ্যালয়। ১১শ মোঃ আকতারুল ইসলাম (২৬৫২৮), বিজ্ঞান (৫ বিষয় লেটার), ফৌজদার হাট ক্যাডেট কলেজ, ১২শ—মোঃ মনিরুল হক (২৫৪২১), বিজ্ঞান (৬ বিষয় লেটার), চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, শামিম আখতার চৌধুরী (২৬৫৪৬), বিজ্ঞান (৫ বিষয় লেটার), ফৌজদারহাট ক্যাডেট কলেজ। ১৩শ–কামরুল আলম চৌধুরী (২৯৮৭৮), বিজ্ঞান (৫ বিষয় লেটার), রেসিডেনসিয়েল মডেল স্কুল, কুমিল্লা। ১৪শ-আশরাফ উদ্দিন আহমদ (৫২৮৩১) শিল্পকলা (৫ বিষয় লেটার), কুমিল্লা জিলা স্কুল। ১৫শ মাহমুদুল হাসান (২৯৮৬০), বিজ্ঞান (৬ বিষয় লেটার), সরকারী ল্যাব রেটরী উচ্চ বিদ্যালয়, কুমিল্লা। ১৬শ-মোঃ আরিফ আহমেদ (৫৩৪২০), শিল্পকলা (৪ বিষয় লেটার) ফৌজদার হাট ক্যাডেট কলেজ। ১৭শ মোঃ নাছিমুল ইসলাম মজুমদার (২৯৯২৫), বিজ্ঞান (৫ বিষয় লেটার), চাঁদপুর হাসান আলী সরকারী উচ্চ বিদ্যালয়। ১৮শ সুমনা শফিনাজ (২৯৪৯৩), বিজ্ঞান (৫ বিষয় লেটার), আওয়ার লেডি অব ফাতিমা গার্লস হাইস্কুল, কুমিল্লা। ১৯শ-এ, বি, এম, নিজাম উদ্দিন মজুমদার (৩১৩৭৩), বিজ্ঞান, (৫ বিষয় লেটার), বাতিসা মাধ্যমিক বিদ্যালয়। মোঃ মোজাম্মেল হক (২৯০০২), বিজ্ঞান (৫ বিষয় লেটার), বাংলাদেশ নৌবাহিনী উচ্চ বিদ্যালয়। ২০শ-মুহাম্মদ কামরুল হাছান (২৪৬৬৮), বিজ্ঞান (৬ বিষয় লেটার), লক্ষ্মীপুর এইচ, এ, সামাদ একাডেমী।